



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

স্মারক নং বশিবো/পনি/জেএসসি/২০১৮/ ২৭৭১

তারিখঃ ১৭ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ  
০১ নভেম্বর ২০১৮, খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৯ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় রদকরণ।

সূত্রঃ সুয়েমোটো রুল নং- ২৫/২০১৪ ও তারিখঃ ০১.০৯.২০১৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের যে সকল শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করবে তাদের কাছ থেকে বোর্ডের নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি কোনো ক্রমেই আদায় করা যাবে না। জনপ্রতি বোর্ডের নির্ধারিত ফি নিম্নরূপঃ


- ১। মানবিকঃ নিয়মিত - ১,৬৩০/- ( ব্যবহারিক পরীক্ষা ও কেন্দ্র ফি সহ সর্বোচ্চ)  
অনিয়মিত - ১,৭৩০/-
- ২। বিজ্ঞানঃ নিয়মিত - ১,৭২০/- ( ব্যবহারিক পরীক্ষা ও কেন্দ্র ফি সহ সর্বোচ্চ)  
অনিয়মিত - ১,৮২০/-
- ৩। ব্যবসায় শিক্ষাঃ নিয়মিত - ১,৬৩০/- ( ব্যবহারিক পরীক্ষা ও কেন্দ্র ফি সহ সর্বোচ্চ)  
অনিয়মিত - ১,৭৩০/-

বিঃ দ্রঃ উল্লিখিত ফি ছাড়াও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) বিষয়ের (ছাত্র প্রতি) ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ ২৫ (পঁচিশ) টাকা (যার বিভাজন কেন্দ্র ০৭ টাকা এবং প্রতিষ্ঠান ১৮ টাকা) গ্রহণ করা যাবে।

কোনো প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি আদায় করলে তাৎক্ষণিকভাবে বরিশাল শিক্ষাবোর্ডের E-mail এ ([barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)) তথ্য প্রমাণসহ অভিযোগ পাঠানোর জন্য সংশ্লিষ্ট অভিভাবকগণকে অনুরোধ করা হলো।

উল্লিখ্য অভিযোগ প্রমাণিত হলে প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

  
অধ্যাপক মোহাম্মদ ইউনুস (৭০৩৮)  
চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

ই-মেইলঃ [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)

- ১। জেলা প্রশাসক  
বরিশাল/ ঝালকাঠি / পিরোজপুর / পটুয়াখালী / বরগুনা /ভোলা
- ২। উপজেলা নির্বাহী অফিসার  
বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৩। প্রধানশিক্ষক  
বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়

অতিরিক্ত ফি